



তফসিলের পর দলীয় কর্মীদের প্রতি নির্দেশনা দিলেন জামায়াত আমির



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘোষণার পর দলের সকল পর্যায়ের নেতাকর্মীদের উদ্দেশে নতুন নির্দেশনা দিয়েছেন। শুক্রবার (১২ ডিসেম্বর) সকাল ৭টায় নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) নির্বাচনের তফসিল ঘোষণার মাধ্যমে ভোটের আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু হয়েছে। সুষ্ঠু ও সফল নির্বাচনের লক্ষ্যে যৌক্তিক সহযোগিতায় দল প্রস্তুত রয়েছে বলেও মন্তব্য করেন তিনি। দলীয় নেতাকর্মীদের উদ্দেশে আমির আরও জানান, আইন অনুযায়ী ঘোষিত আরপিও অনুসারে ৪৮ ঘণ্টার মধ্যে সব ধরনের প্রচার সামগ্রী নিজ দায়িত্বে অপসারণ করতে হবে। এ বিষয়ে সবাইকে দ্রুত পদক্ষেপ নিতে আহ্বান জানান তিনি।

LENS ASIA